গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোয়ালমারী, ফরিদপুর।
(www.boalmari.faridpur.gov.bd)

স্মারক নম্বর: ০৫.১২.২৯১৮.০০১.০১.০৮০.২৪-৫৫

তারিখ: ০৮ মাঘ ১৪৩১
২২ জানুয়ারি ২০২৫

হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলাধীন বোয়ালমারী উপজেলার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত নিম্নে বর্ণিত হাট-বাজার ১৪৩২ সালের বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহীদের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	হাট-বাজারের নাম	১৪৩২ বাংলা সনের সম্ভাব্য মূল্য	শিডিউল মূল্য (অফেরত যোগ্য)
০১	সাতৈর হাট	৫১,৬২,০০৬	১১,০০০
০২	কাদিরদী হাট	২০,৮০,৩৪৮	৪,৮০০
০৩	জয়নগর (সংরক্ষিত) হাট	২,৬৯,৪১৭	১,২০০
০৪	বেড়াদী হাট	১,২২,৬৯৫	১,০০০
০৫	বারাংকুলা হাট	৪,৪৫,৯০৭	১,৬০০
০৬	বারাংকুলা গো হাট	৪,১৫,৮৭৩	১,৬০০
০৭	তেলজুড়ী হাট	৬৬,৬০৩	৫০০
০৮	সহস্রাইল (সংরক্ষিত) হাট	২৯,১০,৪৪৯	৬,৬০০
০৯	তেলজুড়ী নতুন বাজার	১৬,৬৫০	৫০০
১০	ভীমপুর হাট	৩৪,০২৬	৫০০
১১	গোহাইলবাড়ী (সংরক্ষিত) হাট	১,৭২,০৭৩	১,০০০
১২	লংকারচর আব্দুল হাই খানের হাট	৯,৭৯২	৫০০
১৩	ময়েনদিয়া হাট	৫২,৬৫,৩৭৩	১১,২০০
১৪	তামারহাজী হাট	৫,৫৮৩	৫০০
১৫	জয়পাশা (সংরক্ষিত) হাট	১,৭৬,৪১৯	১,০০০
১৬	রাজাপুর (সংরক্ষিত) হাট	১,৫০,২৩৮	১,০০০
১৭	বাবুর বাজার	৯৭,১৬৭	৫০০
১৮	নদীয়ারচাঁদ (সংরক্ষিত) হাট	৩৭,৪৫৩	৫০০
১৯	চিতারবাজার	২৬,৬৫,৪৬৮	৬,০০০
২০	কোন্দারদিয়া হাট	৫৪,৯৬৩	৫০০
২১	কালিনগর হাট	২৩,৫৯,৭৩৪	৫,৪০০
২২	কাটাগড় (সংরক্ষিত) হাট	৫,৮১,২৩৩	১,৮০০
২৩	ময়না হাট	৬,০০৭	৫০০
২৪	খরসূতী হাট	২২,৬৫৫	৫০০
২৫	চরবর্ণি হাট	৮৮,৯৬০	৫০০
২৬	ঠাকুরপুর বাজার	৩,৪৬,২১৬	১,৪০০
২৭	সৈয়দপুর (সংরক্ষিত) হাট	১০,০০০	৫০০

ডাক	দরপত্র/সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন পর্যন্ত)	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ	মন্তব্য
১ম ডাক	১৬/০২/২০২৫ খ্রি.	১৭/০২/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত	দরপত্র দাখিলের দিন বিকাল ৩:০০ ঘটিকায়	১ম পর্যায়ে যে সকল হাট বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হবে সে সকল হাট ২য় পর্যায়ে ইজারা সংক্রান্ত তফসিল হতে বাদ যাবে। এ ভাবে ৪র্থ বার পর্যন্ত দরপত্র গ্রহণ কার্যক্রম চলবে এবং এজন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না।
২য় ডাক	০২/০৩/২০২৫ খ্রি.	০৩/০৩/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত		
৩য় ডাক	১৬/০৩/২০২৫ খ্রি.	১৭/০৩/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত		
৪র্থ ডাক	৩০/০৩/২০২৫ খ্রি.	৩১/০৩/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত		

শর্তাবলী :

০১. বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২. দরপত্র জেলা প্রশাসক, ফরিদপুর এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, বোয়ালমারী থানা, সোনালী ব্যাংক, বোয়ালমারী শাখা হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

০৩. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুরের অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৪. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুন:রায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পূণরায় দরপত্র আহবান করা হবে।

০৬. এক হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৭. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৯. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১১. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজর ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারে ইজারার টাকা নির্ধারিত সময়ে আদায় না হলে সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলো ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. যে কোন বিষয়ে সমস্যা বা জটিলতার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২০. এ বিজ্ঞপ্তিটি বোয়ালমারী উপজেলার ওয়েব সাইটে (www.boalmari.faridpur.gov.bd) পাওয়া যাবে।

তানভীর হাসান চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালমারী, ফরিদপুর।
ফোন: ০২৪৭৮৮০৬২৮০
ই-মেইল: unoboalmari@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.১২.২৯১৮.০০১.০১.০৮০.২৪-৫৫(১০০)

তারিখ: ০৮ মাঘ ১৪৩১
২২ জানুয়ারি ২০২৫

অনুলিপি : সদয় অবগতি/প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১. জেলা প্রশাসক, ফরিদপুর।
০২. উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
০৩. উপজেলা নির্বাহী অফিসার.....................................(সকল)
০৪. প্রশাসক, বোয়ালমারী পৌরসভা, বোয়ালমারী, ফরিদপুর।
০৫. সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর।
০৬. উপজেলা....................................কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।
০৭. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক/বাংলাদেশ কৃষি ব্যাংক লি: বোয়ালমারী শাখা, বোয়ালমারী, ফরিদপুর।
০৮. অফিসার ইন-চার্জ, বোয়ালমারী থানা, বোয়ালমারী, ফরিদপুর।
০৯. চেয়ারম্যান............................ ইউপি (সকল), বোয়ালমারী।
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ....(সকল) ইউনিয়ন ভূমি অফিস, বোয়ালমারী, ফরিদপুর।
১১. সভাপতি/সেক্রেটারী..,হাট, বোয়ালমারী, ফরিদপুর।
১২. জনাব ....,ইজারাদার, বোয়ালমারী, ফরিদপুর।
১৩. অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালমারী, ফরিদপুর।